



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
পরিকল্পনা ও উন্নয়ন শাখা  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmedutrust.gov.bd: ফ্যাক্স: ০২-৮১৯১০১৯



নং-৩৭.২৪.০৮.০০০০.১২২.১৩৬.১৮-৫২৪

তারিখ: ২৬ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ  
০৯ এপ্রিল, ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়: 'উপবৃত্তি বাস্তবায়ন শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা ২০১৯' জেলা পর্যায়ে আয়োজনের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার  
একটি ক্রসড চেক প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ট্রাস্টি বোর্ড এর ৯ম সভার সিদ্ধান্তের  
আলোকে আপনার জেলায় 'উপবৃত্তি বাস্তবায়ন শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা' আয়োজন করার জন্য নিম্নোক্ত শর্তাবলী পালন  
সাপেক্ষে আপনার বরাবর ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার একটি ক্রসড চেক যার নাম্বর: সিসি ৫০ ৭৩৫০৫৫৮; তারিখ:  
০৯/০৪/২০১৯ খ্রিষ্টাব্দ প্রেরণ করা হলো।

#### শর্তাবলী:

- নিম্নস্বাক্ষরকারী এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে আলোচনা করে প্রশিক্ষণ কর্মশালার দিন, তারিখ ও স্থান নির্ধারণ করতে  
হবে এবং কর্মশালা সকাল ৯.৩০ মিনিট হতে শুরু করে বিকাল ৪.৩০ মিনিট পর্যন্ত চলবে;
- প্রশিক্ষণ কর্মশালা আয়োজনে সংযুক্ত বিবরণী মোতাবেক প্রধান অতিথি, সভাপতি/মূল প্রবন্ধ উপস্থাপক, সঞ্চালক, আলোচক,  
র্যাপোটিয়ার ও অংশগ্রহণকারী নির্বাচনসহ অন্যান্য বিষয় অনুসরণ করতে হবে;
- প্রশিক্ষণ কর্মশালা আয়োজনে ব্যয়িত অর্থের বিল-ভাড়ার অডিটের জন্য একসেট ফটোকপি তাঁর দপ্তরে সংরক্ষণ করতে হবে  
এবং মূলকপি অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে;
- যথাযথভাবে বিধি অনুযায়ী ভ্যাট কর্তন করতে হবে;
- প্রধান অতিথি, সভাপতি/মূল প্রবন্ধ উপস্থাপক, সঞ্চালক, আলোচক, র্যাপোটিয়ার ও সহায়ক কর্মচারী এর সম্মানী থেকে বিধি  
অনুযায়ী উৎস কর কর্তন করতে হবে;
- 'উপবৃত্তি বাস্তবায়ন শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা ২০১৯' থেকে প্রাপ্ত সুপারিশসমূহ প্রশিক্ষণ কর্মশালা সমাপ্তির ০৭ (সাত) দিনের  
মধ্যে অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে;
- বাজেট বিভাজন অনুযায়ী ব্যয় করতে হবে, তবে সম্মানী ব্যতীত প্রয়োজনে এক খাতের অর্থ অন্য খাতে ব্যয়পূর্বক সমন্বয় করা যাবে;
- অব্যয়িত অর্থ 'প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট' এর নামে ক্রসড চেক/পে-অর্ডার এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রশিক্ষণ  
কর্মশালা সমাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে অত্র কার্যালয়ে সরাসরি/ডাকযোগে প্রেরণ করতে হবে;
- প্রশিক্ষণ কর্মশালা আয়োজনে বিস্তারিত তথ্য জানতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন),  
জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ, ফোন: ০২-৯১২২৫২৪৮, মেইল: ০১৭১১৪৮৫৮৮, ই-মেইল ad.planning@  
pmedutrust.gov.bd অথবা shohag\_bcs22@yahoo.com এর সাথে যোগাযোগ করা যেতে পারে; এবং

#### সংষ্কতি:

- প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের বিস্তারিত বাজেট/ব্যয় বিবরণী ০১ (এক) ফর্দ; এবং
- ক্রসড চেক নাম্বার: সিসি ৫০ ৭৩৫০৫৫৮; তারিখ: ০৯/০৪/২০১৯ খ্রি. সোনালী ব্যাংক লি., লালমাটিয়া শাখা, ঢাকা।

১৪/৪/১৯১৯

(এ.বি.এম. জাকির হোসাইন)

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৮১৯২২০০, ৫৫০০০৮২৩

ই-মেইল: md@pmedutrust.gov.bd

জেলা শিক্ষা অফিসার  
রংপুর

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- পরিচালক (যুগ্ম-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- জেলা প্রশাসক, রংপুর।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সহকারী পরিচালক (উপবৃত্তি/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশাসন/অর্থ ও হিসাব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়ের বক্তৃতামূলক সহকারী, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- অফিস কপি।